গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৮.১৩-১৯৮ তারিখ : ২৪ নভেম্বর ২০১৪ / ১০ অগ্রহায়ণ ১৪২১

# প্রজ্ঞাপন

যেহেতু, আপনি শেখ মোহাম্মদ হাসিবুর রহমান (পরিচিতি নম্বর-৬০১৯১৭), নির্বাহী প্রকৌশলী (সিভিল, চ: দা:), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, চ: দা:, কুষ্টিয়া সড়ক বিভাগ, কুষ্টিয়া) কুষ্টিয়া সড়ক বিভাগে ১১-০৪-২০১১ তারিখ হতে ৩০-০৫-২০১২ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন। মাননীয় যোগাযোগ মন্ত্রী গত ০৭-০৭-২০১২ তারিখ কুষ্টিয়া সড়ক বিভাগ পরিদর্শনকালে বটতৈল-আলমডাঙ্গা আঞ্চলিক মহাসড়কের ১৭.৬৪০ কিলোমিটার সড়ক যান চলাচলের খুবই অনুপযোগী হয়ে জনভোগান্তি সৃষ্টি হয়েছে দেখতে পেয়ে বিষয়টি তদন্তের জন্য নির্দেশনা প্রদান করেন। মাননীয় যোগাযোগ মন্ত্রীর নির্দেশনা অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

এবং

যেহেতু, তদন্তে প্রতীয়মান হয়েছে যে, আপনি জরুরী পুনর্বাসন প্রকল্পের আওতায় বটতৈল-আলমডাঙ্গা আঞ্চলিক মহাসড়কের ১৭.৬৪০ কিলোমিটার সড়কের মধ্যে ১২.৪৭৪ কিলোমিটার সড়কের কাজ নির্ধারিত সময়ে শুরু ও সমাপ্ত করাতে ব্যর্থ হয়েছেন, যা সরকারি দায়িত্ব পালনে অবহেলার সামিল;

এবং

যেহেতু, আপনি উক্ত আঞ্চলিক মহাসড়কের ১৭.৬৪০ কিলোমিটারের মধ্যে ৫.১৬৬ কিলোমিটার শুধুমাত্র বেজ মজবুতিকরণসহ কার্পেটিং কাজ করিয়ে এবং কোন ওভারলে কাজ না করিয়ে সম্পূর্ণ কাজের বিল অর্থাৎ ২,২৯,৭৪,৩৬২.৯৭ টাকা পরিশোধ করে সরকারি নিয়মনীতি ভঙ্গ করেছেন;

এবং

যেহেতু, এ প্রেক্ষাপটে আপনি সড়কটিতে গত ০৬-১২-২০১২ তারিখে সম্পাদিত ২(দুই)টি চুক্তিমূল্যের আওতায় পুনরায় কাজ করান;

এবং

যেহেতু, জরুরী পুনর্বাসন প্রকল্পের আওতায় নির্ধারিত সময়ে কাজ শুরু ও সমাপ্ত করা হলে জনভোগান্তি সৃষ্টি হত না এবং নতুন করে কাজ করানোর প্রয়োজন হত না;

এবং

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ ও বিধি ৩(ডি) অনুযায়ী দুর্নীতিপরায়ণতা বিধায় বিভাগীয় মামলা নম্বর ২০/২০১৩ রুজু করা হয়;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন আপনাকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। আপনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, আপনার লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৩) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য সড়ক বিভাগের উপসচিব জনাব আনোয়ার হোসেন চৌধুরী-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা আপনার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে উল্লেখপূর্বক মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

চলমান পাতা-২

এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখত জবাব, তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক দলিল দস্তাবেজ পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, আপনার বিরুদ্ধে উত্থাপিত অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

এবং

সেহেতু, এক্ষণে, সার্বিক বিবেচনায় শেখ মোহাম্মদ হাসিবুর রহমান (পরিচিতি নম্বর-৬০১৯১৭), নির্বাহী প্রকৌশলী (সিভিল, চ: দা:), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, চ: দা:, কুষ্টিয়া সড়ক বিভাগ, কুষ্টিয়া)-কে বিভাগীয় মামলা নম্বর ২০/২০১৩ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৪.১১.১৪

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৮.১৩-১৯৮/১(১৪)

তারিখ : ২৪ নভেম্বর ২০১৪
১০ অগ্রহায়ণ ১৪২১

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৫. ভারপ্রাপ্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (**প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল**)।
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**প্রজ্ঞাপনটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল**)।
১০. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (**প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বারকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল**)।
১১. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. শেখ মোহাম্মদ হাসিবুর রহমান (পরিচিতি নম্বর-৬০১৯১৭), নির্বাহী প্রকৌশলী, সিভিল (চ: দা:), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, চ: দা:, কুষ্টিয়া সড়ক বিভাগ, কুষ্টিয়া)।
১৩. সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল**)।
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

২৪.১১.১৪

(রওশন আরা বেগম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৫৫১৯